গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
মেট্রোপলিটন কার্যালয়, সিলেট।
https://bfsa.sylhetdiv.gov.bd/

# খাদ্য ব্যবসা সংশ্লিষ্টদের নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণের প্রতিবেদন

১৬ নভেম্বর, ২০২৩ ইং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, মেট্রোপলিটন কার্যালয়, সিলেট কর্তৃক সিলেট জেলার বিভিন্ন খাদ্য স্থাপনার খাদ্য প্রস্তুত সংশ্লিষ্টদের নিয়ে নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন জেলা নিরাপদ খাদ্য অফিসার জনাব সৈয়দ সারফরাজ হোসেন। প্রশিক্ষণের শুরুতে খাদ্যকর্মীরা নিজেদের পরিচয় উপস্থাপন করেন। নিরাপদ খাদ্য অফিসার তার বক্তব্যে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিভিন্ন কর্মকান্ড এবং নিরাপদ খাদ্য বিষয়ক বিভিন্ন দিক নির্দেশনামূলক বিষয় নিয়ে আলোকপাত করেন। এরপর মূল আলোচনায় নিরাপদ খাদ্য অফিসার হোটেল-রেস্তারাঁ মনিটরিংকালে পরিলক্ষিত সমস্যাসমূহ, পরিস্কার-পরিচ্ছন্নতা, খাদ্যের সংরক্ষণ, খাদ্যকর্মীদের ব্যক্তিগত স্বাস্থ্য সচেতনতা, পোড়াতেল সংরক্ষণ, বর্জ্য ব্যবস্থাপনা ইত্যাদি বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন; এ ছাড়াও খাদ্য নিরাপদতা বিষয়ক বিভিন্ন বিষয় স্লাইডের মাধ্যমে প্রদর্শন করেন। এ সময় খাদ্যকর্মীরা তাদের বিভিন্ন অভিজ্ঞতা ও সমস্যা তুলে ধরেন। রেস্তোঁরা মালিক সমিতির সিলেট জেলার প্রতিনিধি তার বক্তব্যে নিজেদের পরিবার থেকেই নিরাপদ খাদ্য বিষয়ে সচেতনতা বাড়ানোর উপর জোর দেন, নিজেরা যেখানে কাজ করেন সেখানেও নিরাপদ খাদ্য বিষয়ে সকল নিয়ম-কানুন মেনে চলার কথা বলেন,তিনি আরো বলেন, খাদ্য অনিরাপদ হওয়ার কারণেই মানুষ বেশি অসুস্থ্য হয় এবং হাসপাতালে দিনদিন রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।

পরিশেষে নিরাপদ খাদ্য অফিসার খাদ্যকর্মীদের স্বত:স্ফূর্তভাবে খাদ্য নিরাপদতা বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি উপভোগ করার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে কর্মসূচির সমাপ্তি ঘোষণা করেন।

২৯-১১-২০২৩

(সৈয়দ সারফরাজ হোসেন)
নিরাপদ খাদ্য অফিসার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
মেট্রোপলিটন কার্যালয়, সিলেট(অতিরিক্ত দায়িত্ব)
মোবাইলঃ ০১৭২৩০৭৯৯৩২
ই-মেইলঃ fso.sylhet@bfsa.gov.bd







